**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 19-02-2026** **Time : 1-30**

-

**বিশেষ বিশেষ খবর –**

১)প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কৃত্রিম মেধা প্রযুক্তিকে অন্তর্ভুক্তি ও ক্ষমতায়নের হাতিয়ার হিসেবে ব্যবহার এবং এই প্রযুক্তির গণতান্ত্রিক প্রয়োগ হওয়া দরকার বলে তিনি অভিমত ব্যক্ত করেছেন।

২) ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রো, কৃত্রিম মেধা প্রযুক্তিকে সমাজ এবং বিশ্ব-অর্থনীতির পরিবর্তনের দিশারী বলে মন্তব্য করেছেন। রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেছেন, এই প্রযুক্তি যাতে মুষ্টিমেয় কিছু দেশ নিয়ন্ত্রণ করতে না পারে, তা নিশ্চিত করা প্রয়োজন।

৩) কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো বলেছেন ,ভারত এআই প্রযুক্তির ৫ টি স্তর নিয়ে কাজ চালিয়ে যাচ্ছে ।

৪) বিহারকে নক্সাল মুক্ত রাজ্য হিসাবে ঘোষণা করা হয়েছে।

৫) আজ থেকে শুরু হয়েছে পবিত্র রমজান মাস। প্রধানমন্ত্রী এই উপলক্ষয়ে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

৬) কলকাতার ইডেন গার্ডেন্সে T-20 বিশ্বকাপ ক্রিকেটে আজকের প্রথম খেলায় ওয়েস্ট ইন্ডিজ, ইতালির সামনে জয়ের জন্য ১৬৬ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত কেবলমাত্র নতুন প্রযুক্তি উদ্ভাবনই করে না, তা দ্রুত কাজেও লাগায়। আজ সকালে নতুন দিল্লির ভারত মণ্ডপমে কৃত্রিম মেধা বিষয়ক INDIA AI ইমপ্যাক্ট SUMMIT-এর উদ্বোধন করে প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের মধ্যে সর্ববৃহৎ প্রযুক্তির কেন্দ্র হয়ে উঠেছে। নতুন দিল্লিতে কৃত্রিম মেধার শীর্ষ বৈঠক আয়োজন ভারত তথা দক্ষিণী বিশ্বের পক্ষে গর্বের বিষয়।

( বাইট -PM YOUNG GEN )

তিনি বলেন, কৃত্রিম মেধা প্রযুক্তি মানব ইতিহাসে রূপান্তর আনতে চলেছে। এই প্রযুক্তি, সভ্যতার মোড় ঘুরিয়ে দিতে পারে বলে মন্তব্য করেন। তিনি AI প্রযুক্তিকে কাজে লাগিয়ে অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়নের

হাতিয়ার হিসেবে একে ব্যবহারের ওপর জোর দেন। ভারতের উদ্ভাবনী দক্ষতা এবং কৃষিসহ সমাজের সর্ব ক্ষেত্রে এই প্রযুক্তি ব্যবহারের ওপর জোর দেন।

**************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি কৃত্রিম বুদ্ধিমত্তার গণতান্ত্রিক প্রয়োগের ওপর জোর দিয়ে বলেছেন , বিশেষ করে দক্ষিণ এশীয় দেশগুলিতে এটি অন্তর্ভুক্তি এবং ক্ষমতায়নের হাতিয়ার হয়ে উঠবে। বিশ্ব এক নতুন যুগে প্রবেশ করছে যেখানে মানুষ এবং বুদ্ধিমত্তা একসঙ্গে উদ্ভাবন, সৃষ্টি এবং রূপান্তরের কাজে সামিল হচ্ছে। বিশ্বজুড়ে সাধারণ মানুষের হিতার্থে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগের সমষ্টিগত ব্যবহারের ওপরও জোর দেন তিনি। ভারত কৃত্রিম বুদ্ধিমত্তায় সুযোগ এবং ভবিষ্যতের ব্লু প্রিন্ট তৈরি করতে সক্ষম বলেও মন্তব্য করেন তিনি।

**************************************************************************

ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রো কৃত্রিম মেধা প্রযুক্তিকে সমাজ এবং বিশ্ব-অর্থনীতির পরিবর্তনের দিশারী বলে মন্তব্য করেছেন। আজ নতুন দিল্লিতে কৃত্রিম মেধা শীর্ষ বৈঠকে তিনি বলেন, গত বছর প্যারিসে ভারত এবং ফ্রান্স কৃত্রিম মেধা সংক্রান্ত যে কৃত্রিম মেধা সংক্রান্ত শীর্ষ বৈঠকের আয়োজন করেছিল তা-ই সমগ্র বিশ্বে এই প্রযুক্তির ক্ষেত্রে পথ দেখিয়ে চলেছে।

( বাইট- ম্যাক্রো অ্যাকশন সামিট)

রাষ্ট্রসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস বলেছেন, উন্নয়নশীল দেশগুলির জন্য কৃত্রিম মেধার ন্যূনতম পরিকাঠামো তৈরী করতে একটি আন্তর্জাতিক তহবিল গড়ে তোলা দরকার। তিনি বলেন, এই প্রযুক্তি যাতে মুষ্টিমেয় কিছু দেশ নিয়ন্ত্রণ করতে না পারে তা নিশ্চিত করা প্রয়োজন।

**************************************************************************

কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্যপ্রযুক্তিমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ কৃত্রিম মেধা বিষয়ক শীর্ষ বৈঠকে বিশ্ব নেতৃবৃন্দকে স্বাগত জানিয়ে বলেন,ভারত এই প্রযুক্তির ৫ টি স্তর নিয়ে কাজ চালিয়ে যাচ্ছে। সরকার এই প্রযুক্তিকে জনসাধারণের সুবিধার্থে কাজে লাগাতে চায়। ইতিমধ্যেই এই প্রযুক্তি কাজে লাগানোর লক্ষে একটি অভিন্ন মঞ্চে ৩৮ হাজার 'GPU'কে যুক্ত করা হয়েছে। খুব শীঘ্রই আরো ২০ হাজার 'GPU'কে এর সঙ্গে সংযুক্ত করা হবে। এর ফলে স্টার্ট আপ সংস্থা , গবেষক, ছাত্র-ছাত্রী এবং শিক্ষা প্রতিষ্ঠানগুলি সুলভে এই প্রযুক্তি ব্যবহারের সুবিধা পাবে।

**************************************************************************

ভারত-মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে নুতন সাবমেরিন কেবলের মাধ্যমে সংযোগ তৈরির জন্য গুগল আগামী ৫ বছরে ১৫০০ কোটি মার্কিন ডলার বিনিয়োগের কথা ঘোষণা করেছে। এক বিবৃতিতে, গুগল জানিয়েছে যে

আমেরিকা-ইন্ডিয়া কানেক্ট নামে সহযোগিতামূলক পরিকাঠামো উদ্যোগের মাধ্যমে, বিশাখাপত্তনমে একটি নতুন আন্তর্জাতিক সাব-সি গেটওয়ে স্থাপন করা হবে। এরফলে ভারতকে সিঙ্গাপুর, দক্ষিণ আফ্রিকা এবং অস্ট্রেলিয়ার সঙ্গে সংযুক্ত করতে তিনটি নতুন সাব-সি পথ; এবং চারটি কৌশলগত ফাইবার-অপটিক রুটও তৈরি করা হবে বলে গুগল জানিয়েছে।

নতুন দিল্লিতে ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট শীর্ষ সম্মেলনে বক্তৃতা দিতে গিয়ে, গুগলের সিইও সুন্দর পিচাই বলেন ভারত আগামী দিনে এ আই ক্ষেত্রে অসাধারণ অগ্রগতি করবে।

************************************************************************

ভারত, কৃত্রিম বুদ্ধিমত্তা ক্ষেত্রে একসময় গোটা বিশ্বের পথপ্রদর্শকের ভূমিকা পালন করবে বলে বলে প্রাক্তন ব্রিটিশ প্রধানমন্ত্রী ঋষি সুনক প্রত্যয় ব্যক্ত করেছেন। ভারত-এআই ইমপ্যাক্ট সামিটে এক অনুষ্ঠানে তিনি বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা ক্ষেত্রে ভারত অসাধারণ সাফল্য লাভ করছে। ভারত ইতমধ্যেই অনুধাবন করেছে, প্রযুক্তি ক্ষেত্রে সাফল্য কেবল প্রযুক্তি আবিষ্কারের ওপর নয়, তার প্রয়োগের উপর নির্ভর করে।

************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামী রবিবার ২২শে ফেব্রুয়ারী আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

************************************************************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় বিকশিত ভারতের লক্ষ্যে সুস্থ দেশ গড়ে তুলতে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্স-এর ভূমিকা। এইমস কল্যাণীর মেডিক্যাল সুপারিনটেনডেন্ট এবং চক্ষু চিকিৎসা বিভাগের প্রধান, প্রফেসর ডঃ মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন কাশফির নাহার।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটির শেষ পর্ব শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************************************************************

বিহারকে নক্সাল মুক্ত রাজ্য হিসাবে ঘোষণা করা হয়েছে। মুঙ্গেরে ঐ রাজ্যের শেষ সশস্ত্র মাওবাদী সুরেশ কোড়ার আত্মসমর্পনের মধ্যে দিয়েই এই উল্লেখযোগ্য মাইলফলক স্পর্শ করেছে বিহার। মুঙ্গের রেঞ্জের ডেপুটি ইন্সপেক্টর জেনারেল রাকেশ কুমার জানিয়েছেন, মাওবাদী অধ্যুষিত ২৩ টি জেলার কোথাওই আর কোনো সশস্ত্র নক্সাল বাহিনীর অস্তিত্ব নেই। জেলাশাসক নিখিল ধনরাজ নিপ্পনিকর বলেছেন, কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন নীতির অধীনে সুরেশ কোড়াকে খুব শীঘ্রই প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে।

******************************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আগামীকাল দুদিনের সফরে অসম যাবেন। সফরকালে তিনি জাতীয় নিরাপত্তা, সীমান্তের উন্নতি এবং আঞ্চলিক উন্নয়নের বিভিন্ন পদক্ষেপগুলি পর্যালোচনা করবেন। সফরের প্রথম পর্বে স্বরাষ্ট্র মন্ত্রী বরাক উপত্যকার শিলচর যাবেন। ভারত-বাংলাদেশ সীমান্তবর্তী কাটিগোরা এলাকার নাতানপুর গ্রামে তিনি যেতে পারেন। সেখানে শ্রী শাহ ব্যক্তিগতভাবে অবৈধ অনুপ্রবেশ ও আন্তঃসীমান্ত অপরাধ রুখতে কাঁটাতারের বেড়া দেওয়ার কাজের অগ্রগতি খতিয়ে দেখবেন। শিলচর থেকে সীমান্ত প্রযুক্তির অন্যতম উল্লেখযোগ্য পদক্ষেপ হিসাবে শ্রী শাহ, ভাইব্র্যান্ট গ্রাম কর্মসূচীর দ্বিতীয় পর্যায়ের আনুষ্ঠানিক সূচনা করবেন।

******************************************************************************

ইরাণ ও রাশিয়া আজ ওমান উপসাগর ও উত্তর ভারত মহাসাগরে দ্বিপাক্ষিক নৌমহড়া শুরু করেছে। পশ্চিম এশিয়ায় ক্রমবর্ধমান  ভূ-রাজনৈতিক উত্তেজনার মধ্যে দুদেশের মধ্যে এই মহড়াকে সামরিক সহযোগিতার ক্ষেত্রে বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। এই মহড়া দুদেশের মধ্যে সামরিক ক্ষেত্রে সমন্বয়কে আরও জোরদার করবে বলে পর্যবেক্ষকরা মনে করছেন।

******************************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্র  চীনের বিরুদ্ধে ২০২০ সালে পারমাণবিক পরীক্ষা চালানোর অভিযোগ তুলেছেন। গতকাল ওয়াসিংটনে অস্ত্র-নিয়ন্ত্রণ ও পরমাণু শক্তির প্রসার রোধ সংক্রান্ত মার্কিন সহসচিব ক্রিস্টোফার ইও, এই অভিযোগ তুলে বলেন চীন এই পরীক্ষার ক্ষেত্রে এমন প্রযুক্তি ব্যবহার করেছে যাতে ভূকম্পন থেকে সেটি ধরা না পরে।  তিনি বলেন, মার্কিন যুক্তরাষ্ট্র যাতে পরমাণু প্রযুক্তির ক্ষেত্রে পিছিয়ে না পড়ে তাই প্রেসিডেন্ট ট্রাম্প একটি নতুন বহুপক্ষহিক অস্ত্র নিয়ন্ত্রণ চুক্তির প্রস্তাব করেছেন।

******************************************************************************

চিরাচরিত ধর্মীয় মর্যাদায় আজ ঠাকুর শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের ১৯১ তম জন্মতিথি উদযাপিত হচ্ছে। বেলুড় মঠে আজ ভোরে মঙ্গল আরতি ও উষা কীর্তনের মধ্যে দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। চলছে বিশেষ পুজো পাঠ।  রামকৃষ্ণ দেবের জীবনাদর্শ ও বাণী আলোচনা সহ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকাল থেকেই সেখানে ভক্তদের ভিড়।

শ্রী রামকৃষ্ণদেবের জন্মস্থান কামারপুকুরে আজ শুরু হয়েছে তিনদিনব্যাপী আবির্ভাব উৎসব। রামকৃষ্ণ মঠ ও মিশনের সমস্ত শাখা এবং সারদা মঠ মিশনের কেন্দ্রেও এই উপলক্ষ্যে চলছে বিশেষ পুজার্চনা।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের জন্মতিথিতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। সমাজমাধ্যমে এক বার্তায় তিনি বলেন, শ্রী রামকৃষ্ণদেব জীবনীশক্তির মধ্য দিয়ে যেভাবে আধ্যাত্মিকতা ও সাধনাকে প্রতিষ্ঠিত করেছিলেন, তা চিরকাল মানব সেবায় কাজে লাগবে।

**********************************************************************

পবিত্র রমজান মাস আজ শুরু হয়েছে। ইসলাম ধর্মাবলম্বী মানুষরা আজ থেকেই নিরম্বু উপবাসের মধ্যে দিয়ে এক মাস ব্যাপি রোজা পালন শুরু করছেন। ইসলামি বর্ষপঞ্জীর নবম মাসে রমজান পালন করা হয়। রোজার উপবাস শেষ হবে ইদ উল ফিতর পালনের মাধ্যমে।

নাখোদা মসজিদের তরফ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১৪৪৭ হিজরির রামজানের চাঁদ গতসন্ধ্যায় দেখা গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রমজান উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি পবিত্র এই মাসে সকলের মধ্যে ঐক্যের বন্ধন আরও সুদৃঢ় হবে বলে আশা প্রকাশ করেন। সকলের শান্তি ও সমৃদ্ধি কামনা করেছেন তিনি।

**********************************************************************

ইডেনে আজ T-20 বিশ্বকাপ ক্রিকেটে ওয়েস্ট ইন্ডিজ, ইতালির সামনে জয়ের জন্য ১৬৬ রানের লক্ষ্য রেখেছে। টসে জিতে ইতালি, ওয়েস্ট ইন্ডিজকে ব্যাট করতে পাঠায়। ওয়েস্ট ইন্ডিজ নির্ধারিত ২০ ওভারে ছয় উইকেটে ১৬৫ রান করেছে। অধিনায়ক সাই হোপ ৭৫ রান করেছেন।

শেষ খবর পাওয়া পর্যন্ত ইতালি আট ওভারে তিন উইকেটে ৫৬ রান করেছে।

**********************************************************************